আশায় বাঁচে চাষা

আশায় বাঁচে চাষা। ঝড় ঝন্ডা সকল প্রতিকুল পরিবেশ অতিক্রম করে আমাদের খাদ্য যোগান দেন এই চাষারা। সারাদিন মাঠে মাঠে কাজ করে ক্লান্ত শরীরে বাড়ি ফিরছেন কৃষক।
ছবিটি মেহেরপুরের গাংনীর উপজেলার ধলার মাঠ থেকে তোলা।
ছবি : আকতারুজ্জামান

গাংনীতে সাংবাদিক পিতার ইন্তেকাল

গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও এশিয়ান টিভির গাংনী উপজেলা প্রতিনিধি নুরুজ্জামান পাভেলের পিতা বিচার উদ্দীন মারা গেছেন। ইন্না লিল্লাহী ওয়া ইন্না এলাহী রাজিউন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল প্রায় শত বর্ষ।

তার নিজ বাড়ি গাংনী উপজেলার বাদিয়াপাড়া গ্রামে আজ সকাল সাড়ে ৯ টার সময় মারা যান তিনি।

সাংবাদিক পাভেল জানান, দীর্ঘদিন যাবৎ তিনি বার্ধক্যজনিত কারণে বিভিন্ন রোগে ভুগছিলেন। বাড়িতে রেখেই চলছিল তার চিকিৎসা সেবা।

আজ রোববার (১৫ মে) বেলা ২ টার সময় নামাজে জানাযা শেষে বাদিয়াপাড়া গ্রামে পারিবারিক কবরস্থানে দাফন সম্পন্ন হবে। এদিকে সাংবাদিক পাভেলের পিতার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন গাংনী উপজেলায় কর্মরত বিভিন্ন মিডিয়ার সাংবাদিকবৃন্দ।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের নেতৃত্বে নতুন কেউ আসছেন, না কী পুরোনোরাই থাকছেন ?

দীর্ঘ সাত বছর পর অনুষ্ঠিত হচ্ছে মেহেরপুর জেলা আওয়ামী লীগের ত্রি বার্ষিক সম্মেলন। সর্বশেষ ২০১৫ সালের ১৮ ফেব্রুয়ারী মেহেরপুর জেলা আওয়ামী লীগের সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল। ওই সম্মেলনে বর্তমান জনপ্রশাসন প্রতি মন্ত্রী ফরহাদ হোসেন দোদুল সভাপতি ও এম এ খালেক সাধারণ সম্পাদক মনোনীত হয়েছিলেন। আগামীকাল সোমবার (১৬ মে) দীর্ঘ সাত বছর পর অনুষ্ঠিত হবে মেহেরপুর জেলা আওয়মীলীগের ত্রিবার্ষিক কাউন্সিল। এই ত্রিবার্ষিক সম্মেলন ঘিরে নেতাকর্মীদের মধ্যে ব্যাপক উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা গেছে। ইতোমধ্যে উপজেলা ও ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের সম্মেলন শেষ হয়েছে। জেলা সম্মেলনকে ঘিরে একদিকে মেহেরপুর জেলায় নেতাকর্মীদের মাঝে ব্যাপক উৎসাহ উদ্দীপনা বিরাজ করছে। নেতৃত্বের সমর্থনে ব্যানার-ফেস্টুন, বিলবোর্ডে ছেয়ে গেছে শহর জুড়ে। কেউ কেউ সামাজিক যোগাযোগ মাধ্যমেও পদ পদবীর সমর্থনে স্ট্যাটাস দিচ্ছেন। বিভিন্ন নেতার অনুসারীরাও নিজ নিজ নেতার সমর্থনে ফেসবুকে প্রচার প্রচারণা চালাচ্ছেন। গোটা জেলার নেতাকর্মীদের মধ্যে প্রাণচাঞ্চল্য ফিরে এসেছে। দলীয় প্রার্থী ছাড়াও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা গভীর আগ্রহে সম্মেলনকে নজরদারী করছেন। সম্মেলনে বর্তমান সভাপতি সাধারণ সম্পাদক ছাড়াও সভাপতি ও সাধারণ সম্পাদক পদে প্রার্থী হিসেবে একাধিক নেতার নাম শোনা যাচ্ছে। এবারের সম্মেলনে কে সভাপতি বা সাধারণ সম্পাদক হবেন এ নিয়ে তৃণমূল থেকে শুরু করে জেলা পর্যায়ে নেতাকর্মীদের মধ্যে চলছে ব্যাপক জল্পনা কল্পনা চলছে।
দলীয় সূত্রে জানা গেছে, জেলা আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলনের উদ্বোধন করবেন বাংলাদেশ আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য কাজী জাফরুল্লাহ চৌধুরী।
এছাড়া উপস্থিত থাকবেন প্রেসিডিয়াম সদস্য বাহাউদ্দীন নাসিম এমপি, আওয়ামীলীগের সাংগাঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক, পারভীন সুলতানা ঝর্ণা এমপি, কল্পনা এমপিসহ সহ আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতৃবৃন্দ।
কাউন্সিলে ভার্স্যুয়ালে যুক্ত থাকবেন বাংলাদেশ আওয়ামীলীগের

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দন্ডিতদেরকে গাংনী থানায় সোপর্দ করা হয়েছে।

ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী হাকিম নাজমুল আলম জানান , উপজেলা পরিষদ চত্ত্বরের খাদ্য গুদামের পেছনে বদরুল ইসলাম মাদকের আখড়া পরিচালনা করছে এবং সেখানে কয়েকজন মাদক সেবন করছে সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টীমসহ অভিযান চালানো হয়। এসময় বদরুল ইসলামসহ তিনজনকে আটক করা হয়। পরে ভ্রাম্যমান আদালতে সুমন হোসেন (২০) ও আসলাম সিদ্দিকী (৩০) কে সাত দিন করে কারাদণ্ডাদেশ ও ২০০ টাকা করে জরিমানা করা হয়। অপরদিকে ৬৫০ গ্রাম গাঁজা পাওয়া যাওয়ায় বদরুল আলমের নামে নিয়মিত মামলা রুজুর আদেশ দেয়া হয়।

গাংনীতে আন্তর্জাতিক নার্সেস দিবস পালিত

"স্বাস্থ্য ব্যবস্থাপনায় শক্তিশালী নার্স নেতৃত্বের বিকল্প নেই , স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে নার্সিং খাতের বিনিয়োগ বাড়ান ও নার্সদের অধিকার সংরক্ষণ করুণ " প্রতিপাদ্য বিষয় নিয়ে গাংনীতে আন্তর্জাতিক নার্সেস দিবস পালিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষে সকাল ৯ টার সময় একটি র্যালি গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে হাসপাতাল চত্ত্বরে এসে শেষ হয়। পরে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের হলরুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডাক্তার জাহিদুর রেজার সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন , নার্স সুপারভাইজার হুসনেয়ারা খাতুন . সিনিয়র নার্স আমেনা খাতুন , ইপিআই টেকনিশিয়ান আব্দুর রশিদ ও অফিস সহকারী আসাদুজ্জামান লিটন।

এর আগে আয়োজিত র্যালিতে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের নার্স সুপারভাইজার হুসনেয়ারা চামেলী নেতৃত্ব দেন। র্যালিতে সিনিয়র নার্স রোকেয়া খানম , নুরুন্নাহার বেগম , রাফিজা আক্তার , আমেনা খাতু , রাবিয়া খাতুন , নুরুন্নাহার খাতুন , শাহিনা

আক্তার, নাসরিন আক্তার, সুকৃতি মন্ডল, শাকিলা আক্তার, আজমেরী খাতুন, সাথী আক্তারসহ গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মরত নার্সবৃন্দ অংশ নেন।
এদিকে আন্তর্জাতিক নার্স দিবস উপলক্ষে আয়োজিত র্যালিতে যোগ দেন গাংনী সন্ধানী নার্সিং ইন্সটিটিউটের শিক্ষার্থীরা।

গাংনীতে শিক্ষার্থীদের আন্দোলনের পর টাকা ফেরত দিলেন প্রধান শিক্ষক

২০২১ সালের এসএসসি পরীক্ষার্থীদের ফরম পুরুণের জন্য নেয়া ১ লাখ ২২ হাজার টাকা ফেরত দিয়েছেন গাংনী মডেল স্কুল এন্ড কলেজ কর্তৃপক্ষ। আজ মঙ্গলবার দুপুরের দিকে এটাকা ফেরত দেন স্কুল কর্তৃপক্ষ।
প্রধান শিক্ষক আফজাল হোসেন জানান, ২০২১ সালের এসএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণ করার পর করোনা দুর্যোগের কারণে সিলেবাস সংক্ষিপ্ত করে পরীক্ষা গ্রহণ করা হয়। শিক্ষাবোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী শিক্ষার্থীদের প্রায় সাড়ে ৫শ’ টাকা করে ফেরৎ দেয়ার নির্দেশ দেই। সে নির্দেশনা মতে গাংনী মডেল স্কুল এন্ড কলেজের ২২১ জন শিক্ষার্থীর মধ্যে এক লক্ষ ২২ হাজার টাকা ফেরত দেয়া হয়েছে।
তবে, সকাল ১০ টার দিকে গাংনী পাইলট স্কুল এন্ড কলেজ চত্বরে এসএসসি ফরম পূরণের টাকা ফেরতের দাবীতে জড়ো হয় শিক্ষার্থীরা। এরপর টাকা ফেরত দিতে নির্দেশ দেয় প্রধান শিক্ষক আফজাল হোসেন। এসএসসি পাস করা শিক্ষার্থী মাহফুজ ইসলাম বিজয় ও মুকুল হোসেন বলেন,২০২১ সালে গাংনী মাধ্যমিক বিদ্যালয়ের ২২১ জন শিক্ষার্থীদের টাকা ফেরত দেওয়ার কথা থাকলেও প্রধান শিক্ষক অজ্ঞাত কারণে টাকা ফেরত না দিয়ে শিক্ষার্থীদের হয়রানি করেছে।
শিক্ষার্থী মুস্তাক আহমেদ ও সুমাইয়া খাতুন জানায়, গাংনী মাধ্যমিক বিদ্যালয় থেকে এসএসসি পাস করে বিভিন্ন কলেজে ভর্তি হয়ে পড়াশোনা করছি আমরা। সব সময় তাদের পক্ষে প্রধান শিক্ষকের কাছে টাকা চাইতে স্কুলে আসার সম্ভব হয়ে ওঠেনা। এরপরও বিভিন্ন সময়ে টাকা চাইতে গেলে প্রধান শিক্ষকের অশোভন আচরণের মুখে পড়তে হয়।

গাংনীর বামন্দীতে উদ্বোধন হলো ব্যাতিক্রমী শিক্ষা প্রতিষ্ঠান পথিকের পাঠশালা

বাংলা, ইংরাজি বানান, উচ্চারণ, সাধারণ জ্ঞান, ইংরাজি শব্দ শেখা, হাতের লেখা সুন্দর করে শেখা, শ্রুতি পঠণ, শ্রুতি লিখন, ছবি অংকন, আবৃত্তি, গল্প বলা, জীবন গান, ভাল কাজের বর্ণনা ও সাধারণ জ্ঞান শিখবে ব্যাতিক্রমধর্মী বিদ্যাপিঠ পথিকের পাঠশালায়। এ লক্ষ নিয়ে বৃহস্পতিবার বিকালে এক আড়ম্বর পরিবেশে গাংনী উপজেলার বামন্দীতে উদ্বোধন হলো এই ব্যতিক্রম বিদ্যাপিঠটি।

বাংলা একাডেমী শিশু সাহিত্য পুরস্কারে ভূষিত কথা সাহিত্যক রফিকুর রশীদ রিজভী প্রধান অতিথি থেকে বিদ্যালয়টি উদ্বোধন করেন।

পথিকের পাঠশালার পরিচালক বিশিষ্ট গবেষক ও লেখক রফিকুল ইসলাম পথিকের সঞ্চালনায় উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন, বামন্দী নিশিপুর স্কুল এন্ড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আলাউদ্দীন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম,অবসরপ্রাপ্ত তুলা উন্নয়ন অফিসার আব্দুল ওয়াদুদ, সিনিয়র সাংবাদিক জুলফিকার আলী কানন, সিনিয়র সাংবাদিক সাহাজুল সাজু, মটমুড়া ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল বারী, বাওট সরকারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহবুবুর রহমান, সাবেক ছাত্রনেতা নুরুল ইসলাম রিন্টু, বামন্দী মাধ্যমিক বালিকা বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি আবুল বাসার প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে কথা সাহিত্যিক রফিকুর রশীদ বলেন,পরীক্ষার্থী না হয়ে শিক্ষার্থী হকে হবে। জাতীকে উন্নত করতে টেকসই শিক্ষা গ্রহণের কোনো বিকল্প নেই। দেশ ও সমাজ একজন শিক্ষিত মানুষের কাছে জাতি অনেক প্রত্যাশা করে।

[redacted]

[redacted]

গাংনীতে ১০ বোমা উদ্ধারের ঘটনায় বাবা-ছেলে গ্রেফতার

মেহেরপুরের গাংনী উপজেলার হিজলবাড়ীয়া গ্রামের একটি বাড়ি থেকে ১০টি বোমা, বোমা তৈরীর সরঞ্জাম ও গাঁজা উদ্ধারের ঘটনার দুই দিন পর জাব্বারুল ইসলাম (৪৫) ও তার ছেলে সোহেল রানা(২৩)কে গ্রেপ্তার করেছে পুলিশ।

রবিবার রাতে পুলিশ পৃথক দুটি গ্রামে অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করে। গাংনী থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করেছেন।

ওসি আব্দুর রাজ্জাক জানান, গত শনিবার (৫ জানুয়ারী) রাতে গাংনীর হিজলবড়িয়া গ্রামের জাব্বারুলের বাড়িতে অভিযান চালায় গাংনী থানা পুলিশের একটি দল। পুলিশের অভিযান টের পেয়ে পালিয়ে যায় বাড়ির মালিক আব্দুল জব্বার ও তার ছেলে সোহেল রানা। আব্দুল জব্বার পেশায় গাছী (খেঁজুর গাছ থেকে রস সংগ্রহকারী)। পাশাপাশি সে গোপনে বোমা তৈরী করে সন্ত্রাসীদের কাছে সরবরাহ করতো। গোপন সংবাদের ভিত্তিতে তার বাড়ির আশেপাশে ঘিরে অভিযান শুরু করা হয়। এক পর্যায়ে তার বসতবাড়ির শয়ন কক্ষের বাক্সের মধ্যে মাটির হাড়িতে রাখা ৫টি, দুটি প্লাস্টিকের ড্রামে প্যাকেটের মধ্যে রাখা ৫টি বোমা উদ্ধার করা হয়। অভিযানে ঘর থেকে বের করা হয় বোমা তৈরীর সরঞ্জাম, গাঁজা ও গাঁজা সেবনের সরঞ্জাম।

১৯০৮ সালের বিস্ফোরক দ্রব্য উৎপাদন ও দখরে রাখার অপরাধে গাংনী থানায় একটি মামলা রুজু করা হয়। উক্ত মামলায় গ্রেপ্তারকৃত দের আদালতে প্রেরণ করা হয়।